

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং#২৩-২৬, রোড নং#৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

নম্বর-৪৬.১০.০০০০.০০৪.৪৫.৩৭১,২৩-৩৫২

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২
২৯ এপ্রিল ২০২৬

বিষয়: ডিএনসিসি'র নির্ধারিত স্থানে ব্যবসা পরিচালনার লক্ষ্যে হকারদের ডিজিটাল পরিচয়পত্র প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যানজট নিরসনের লক্ষ্যে এবং মূল সড়কের ফুটপাথ জনসাধারণের ব্যবহার নিশ্চিতকল্পে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নির্ধারিত স্থানে হকারদের ব্যবসা পরিচালনার লক্ষ্যে ডিজিটাল পরিচয়পত্র প্রদান অনুষ্ঠান আগামী ৩০/০৪/২০২৬ ইং তারিখ বৃহস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ তলার সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর মাননীয় প্রশাসক জনাব মোঃ শফিকুল ইসলাম খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০২। উক্ত অনুষ্ঠানে সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।



মুহাম্মদ আসাদুজ্জামান
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ফোন নং-৪৮৮১১৩৩৩

কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা-(একজন উপর্যুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
২. সকল বিভাগীয় প্রধান-----, ডিএনসিসি।
৩. প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। (উক্ত অনুষ্ঠানের আপ্যায়ন এর ব্যবস্থা করার অনুরোধ করা হলো)।
৪. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল.....ডিএনসিসি।
৫. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. জনাব.....ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অফিস কপি।